

নোবিপ্রবি ক্যাম্পাসে যত্রতত্র আবর্জনা

নোবিপ্রবি প্রতিনিধি

২০ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২০ নভেম্বর ২০১৯ ০০:৪৮



আমাদের সময়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পর্যাপ্ত ডাস্টবিন না থাকায় যেখানে-সেখানে ময়লার স্তুপ পড়ে থাকে। সৌন্দর্যবর্ধনে বিশ্ববিদ্যালয়ে নিত্যনতুন পরিকল্পনা নেওয়া হলেও পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে নেই কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা। প্রতিনিয়ত আবর্জনা থেকে ছড়াচ্ছে দুর্গন্ধ। পরিবেশ হচ্ছে দূষিত।

সারাদেশ থেকে ১ ও ২ নভেম্বর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা উপলক্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সঙ্গে অভিভাবক ও অনেক দর্শনার্থী আসেন। পর্যাপ্ত ডাস্টবিনের অভাবে ব্যবহৃত পানির বোতল ও প্যাকেটজাত খাবারের মোড়ক তারা ফেলে যান যত্রতত্র। প্রশাসনের উদ্যোগে এসব অপসারণ করা হয়েছে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি ভবনের পাশে ও নীল দীঘির পাড়ে ডাস্টবিনের ব্যবস্থা না থাকায় রাস্তার আশপাশেই সব ময়লা-আবর্জনা ফেলা হচ্ছে। সদ্য চালুকৃত বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের দক্ষিণে রয়েছে ময়লার বিশাল স্তুপ।

বিশ্ববিদ্যালয়ের পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা মো. আবদুল হামিদ বলেন, বিশ্ববিদ্যালয়ের পর্যাপ্ত পরিচ্ছন্নতাকর্মী নেই। প্রশাসনের কাছে আমরা পরিচ্ছন্নতাকর্মী চেয়ে কয়েকবার আবেদন করেছি। এরই মধ্যে বেশকিছু স্থায়ী ডাস্টবিনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সর্বোপরি সবাই সচেতন হলে ক্যাম্পাসের পরিবেশ সুন্দর থাকবে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মমিনুল হক বলেন, নিয়োগ বন্ধ থাকায় এখনই পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ দেওয়া যাচ্ছে না। তাই আপাতত দিনমজুর দিয়ে নিয়মিত ক্যাম্পাস পরিষ্কার করানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ছাড়া ডাস্টবিন বাড়ানোর বিষয়ে পরিকল্পনা নিয়েছি, খুব দ্রুত কাজ শুরু হবে।